



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি পরী:-২০২৬/২৪১(১০)

তারিখ : ০২/০৭/২০২৬ খ্রি.

বিষয় : এইচএসসি পরীক্ষা-২০২৬ এর দুটি সিলেবাসের প্রশ্নপত্র সাবধানে শিক্ষার্থীদের মাঝে বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্দেশনা অনুযায়ী এইচএসসি পরীক্ষা-২০২৬ এর দুটি পৃথক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে।

ক) অনিমিত/মানোন্নয়ন পরীক্ষার্থীরা (২০২৩-২৪) সেশন ও তার পূর্বের) ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) নিয়মিত পরীক্ষার্থীরা (২০২৪-২০২৫ সেশন) ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

দুই ধরনের পরীক্ষার্থীদের জন্য ভিন্ন ভিন্ন দুই ধরনের প্রশ্ন প্রণয়ন করা হয়েছে। পরীক্ষার সুষ্ঠু পরিবেশ, স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে পরীক্ষার্থীদের মাঝে সঠিক সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র বিতরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রশ্নপত্র বিতরণের পূর্বে প্রশ্নপত্রে উল্লিখিত সংশ্লিষ্ট বিসয়ের সিলেবাস ও প্রশ্নপত্রের কোড যথাযথভাবে যাচাই করে অত্যন্ত সতর্কতার সাথে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। এ বিষয়ে কোনো ধরনের ভুল বা অসাবধানতা সম্পূর্ণভাবে পরিহার করতে হবে। প্রশ্নপত্র বিতরণের সময় দায়িত্বপ্রাপ্ত কক্ষ পরিদর্শকগণকেও বিষয়টি সম্পর্কে অবহিত করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

উল্লেখ্য, প্রশ্নপত্র বিতরণে কোনো ধরনের ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কক্ষপ্রত্যবেক্ষক দায়ী থাকবেন এবং পরীক্ষার সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদানসহ তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, বিষয়টি সর্বোচ্চ গুরুত্বসহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

ভারপ্রাপ্ত কর্মকর্তা

দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন

এইচএসসি পরীক্ষা ২০২৬ এর কেন্দ্রসমূহ।

বোরহান

প্রফেসর মোঃ বোরহান উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

০২। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।

০৩। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দিনাজপুর শিক্ষা বোর্ড।

০৫। অফিস নথি।